গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৮
www.lawjusticediv.gov.bd

০২ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ

নং-১০.০০.০০০০.১৩২.১৬.০০৬.১৯-১১৮ তারিখ-----------------------

১৬ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় ঃ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহ বাস্তবায়ন সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসংগে।

সূত্র ঃ (১) ৬১.৩৯.১৬.০০.০০.১৮.২০০৯ (অংশ)-৪০২, তারিখঃ ২২ এপ্রিল, ২০১০ খ্রিঃ, প্রধানমন্ত্রীর কার্যালয়
(২) ০৩.০৭৭.০৩৬.০০.০০.০১১.২০১৫-১২, তাং ২১/০১/২০১৫ খ্রিঃ, প্রধানমন্ত্রীর কার্যালয়

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত প্রতিশ্রুতি/নির্দেশনাসমূহ বাস্তবায়ন অগ্রগতি সংক্রান্ত ফেব্রুয়ারি/২০২১ খ্রিঃ মাসের প্রতিবেদন এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি ঃ ০২ (দুই) ফর্দ

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫১৫২২২

মুখ্য সচিব
প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন
তেজগাঁও, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা)।

জ্ঞাতার্থে ঃ

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
৩। প্রোগ্রামার, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ), **আইন ও বিচার বিভাগ।**

জথ[]মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি /নির্দেশনার সংক্রান্ত হালনাগাদ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন

মন্ত্রণালয়/বিভাগ ঃ আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

তারিখ ঃ ১০/০৩/২০২১ খ্রিঃ

| মন্ত্রণালয়ের নাম | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি (শিরোনাম/ বিষয়) | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (শিরোনাম/বিষয়) | প্রতিশ্রুতির/ নির্দেশনা প্রদানের তারিখ ও স্থান | প্রতিশ্রুতির/ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও হালনাগাদ অগ্রগতি | প্রকল্প বাস্তব অগ্রগতির শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br><br>আইন ও বিচার বিভাগ | - | " অবশিষ্ট জেলা রেজিস্ট্রি ও সাব- রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণের জন্য একটি সামগ্রিক প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে, যা পরবর্তীতে ফেজ ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। এছাড়াও এ ভবনগুলোর জন্য একটি প্রোটো-টাইপ ডিজাইন প্রণয়ন করতে হবে। তবে জমির পরিমাণ কম হলে উর্ধ্বমুখী সম্প্রসারনের বিষয়টি প্রোটো-টাইপ ডিজাইনে সংস্থান রাখতে হবে"। | ০৪ এপ্রিল ২০১৭ ইং, একনেক সভা, পরিকল্পনা কমিশন | প্রকল্পের ডিপিপি প্রস্তুত হয়েছে। জনবল অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে। | - | প্রকল্পটির মোট ব্যয় ধরা হয়েছে ১৭৪৯.১৬ কোটি টাকা |
| আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br><br>আইন ও বিচার বিভাগ. | - | "ই-জুডিসিয়ারী পাইলট প্রকল্প" শীর্ষক নামটি পরিবর্তন করে "ই-জুডিসিয়ারী" শীর্ষক নামে নামকরণ কওে বিচার ব্যবস্থার ডিজিটালাইজেশনের জন্য একটি সামগ্রিক প্রকল্প গ্রহণ করতে হবে। এ প্রকল্পের আওতায় ঢাকাস্থ কেন্দ্রীয় ডাটাবেজের সাথে দেশের সকল বিভাগীয় সদর দপ্তরের আদালতগুলো এবং বিভাগীয় সদর দপ্তরের আদালতগুলোর সাথে ৬৪ জেলার আদালতগুলোতে ই-জুডিসিয়ারী কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে। প্রতিটি বড় জেলখানায় একটি ভার্চুয়াল আদালত/চেম্বার করতে হবে সেখান থেকে আসামী ভিডিও কনফারেন্সের মাধ্যমে মূল আদালতের কার্যক্রমের সাথে যুক্ত করা হবে। এ ক্ষেত্রে সংশ্লিষ্ট আইনের প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে। আদালত ও বিচারকদের কোয়ার্টারকে সিসিটিভির আওতায় এনে বিচারকদের নিরাপত্তা জোরদার করতে হবে। | ১২ জুলাই ২০১৬ ইং একনেক সভা, পরিকল্পনা কমিশন | গত ১৩/০৮/ ২০২০ খ্রিঃ তারিখে 'ই-জুডিসিয়ারী' শীর্ষক প্রকল্পটি অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। | - | প্রকল্পটির মোট ব্যয় ধরা হয়েছে ২৮৭৮.৫৭ কোটি টাকা। |

২১/৩/২১

মোঃ মোস্তাফিজুর রহমান
সিনিয়র সহকারী সচিব
অধিশাখা - ৫ বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br><br>আইন ও বিচার বিভাগ | | বাগেরহাট জেলা আইনজীবী সমিতির পুরাতন ভবন সম্প্রসারণ | ১৫-০৩-২০১১ খ্রিঃ বাগেরহাট জেলা সফরকাল বাগেরহাট অনুষ্ঠিত জনসভায়। | বাগেরহাট জেলা আইনজীবী সমিতির ভবন নির্মাণের জন্য বরারদ্দকৃত ৪.২৪ কোটি টাকার মধ্যে বিগত ২০১৮-১৯ অর্থ বছরে .২.০০ (দুই) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। চলতি ২০১৯-২০০০ অর্থ বছরে অবশিষ্ট নির্মাণ কাজের জন্য ২.২৪ কোটি (দুই কোটি চব্বিশ লক্ষ) টাকা গত ০১/০১/২০২০ খ্রিঃ তারিখে ছাড় করা হয়েছে। বরাদ্দকৃত অর্থ দিয়ে ৬ষ্ঠ তলার ছাদ ঢালাই সম্পন্ন হয়েছে। ১ম-৬ষ্ঠ তলার ব্রিক ওয়ার্ক, প্লাস্টার, গ্রীলসহ অন্যান্য কাজ সম্পন্ন হয়েছে। | | ভবনটির নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। |
| আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়<br><br>আইন ও বিচার বিভাগ | | কক্সবাজার জেলা আইনজীবী সমিতির ভবন বর্ধিতকরণ, এনেক্স ভবন নির্মাণসহ চকোরিয়া, মহেশখালী ও কুতুবদিয়াতে কর্মরত আইনজীবী সমিতির সদস্যগণের জন্য পৃথক পৃথক ০৩টি ভবন নির্মাণ। | ০৩-০৪-২০১১ খ্রিঃ মাননীয় প্রধানমন্ত্রী কক্সবাজার সফর কালে জেলা আইনজীবী সমিতির সদস্যগণের সহিত সৌজন্য বৈঠকে। | আইন ও বিচার বিভাগের ২০১৮-১৯ অর্থ বছরের বাজেট প্রাক্কলন এবং ২০১৯-২০ ও ২০২০-২১ অর্থ বছরের বাজেট প্রক্ষেপণ সংক্রান্ত ত্রি-পক্ষীয় সভায় উল্লেখিত ০৪ টি বার এসোসিয়েশন-কে ভবন নির্মানের জন্য ২০১৮-১৯ ও ২০১৯-২০০০ অর্থ বছরে মোট ৩.০০ (তিন) কোটি টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত হয়। গত ২০১৮-১৯ অর্থ বছরে কক্সবাজার জেলা আইনজীবী সমিতির ভবন বর্ধিতকরন এবং এনেক্স ভবন নির্মানের জন্য ১.৫০ কোটি (এক কোটি পঁঞ্চাশ লক্ষ) টাকা এবং চকোরিয়া, মহেশখালী ও কুতুবদিয়াতে আইনজীবী সমিতির সদস্যগনের ভবন নির্মাণের নিমিত্ত যথাক্রমে ৩০.০০ লক্ষ (ত্রিশ লক্ষ) টাকা ও ১০.০০ লক্ষ (দশ লক্ষ) টাকা করে বরাদ্দ প্রদান করা হয়েছিল। তবে, কক্সবাজার জেলা আইনজীবী সমিতি ব্যতীত অন্য কোন আইনজীবী সমিতি কোন অর্থ ব্যয় করতে পারেনি।<br>২০১৯-২০ অর্থবছরে কক্সবাজার জেলা আইনজীবী সমিতি ভবন বর্ধিতকরণ, এনেক্স ভবন নির্মাণের জন্য ৮০.০০ লক্ষ (আশি লক্ষ) টাকা এবং চকোরিয়া আইনজীবী সমিতিকে ভবন নির্মাণের জন্য ২০.০০ (বিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। চকোরিয়া আইনজীবী সমিতি কোন অর্থ ব্যয় করতে পারেনি। কক্সবাজার জেলা আইনজীবী সমিতি এনেক্স ভবনের ২য় তলার বিম ঢালাই ও ছাদ ঢালাই সম্পন্ন করেছে। | | ভবনটির নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে। |

মোঃ মোস্তাফিজুর রহমান
সিনিয়র সহকারী সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

## আইন ও বিচার বিভাগের অধীনস্থ দপ্তরসমূহের তথ্য

| মন্ত্রণালয়ের নাম | মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিশ্রুতি (শিরোনাম/বিষয়) | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা (শিরোনাম/বিষয়) | প্রতিশ্রুতির/ নির্দেশনা প্রদানের তারিখ ও স্থান | প্রতিশ্রুতির/ নির্দেশনা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থা ও হালনাগাদ অগ্রগতি | প্রকল্প বাস্তব অগ্রগতির শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| নিবন্ধন অধিদপ্তর | নিবন্ধন দপ্তরসমূহের অবকাঠামো উন্নয়ন | অবশিষ্ট জেলা রেজিস্ট্রি ও সাব-রেজিস্ট্রি অফিস ভবন নির্মাণের জন্য একটি সামগ্রিক প্রকল্প প্রণয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে, যা পরবর্তীতে ফেজ ভিত্তিতে বাস্তবায়ন করতে হবে। এছাড়া, এ ভবনগুলোর জন্য একটি প্রাটো-টাইপ ডিজাইন প্রণয়ন করতে হবে। তবে জমির পরিমাণ কম হলে উর্ধ্বমূখী সম্প্রসারণের বিষয়টি প্রোটে-টাইপ ডিজাইনে সংস্থান রাখতে হবে। | ০৪ এপ্রিল ২০১৭ ইং, একনেক সভা, পরিকল্পনা কমিশন | প্রকল্পের ডিপিপি প্রস্তুত হয়েছে। জনবল অনুমোদনের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে। | - | প্রকল্পটির মোট ব্যয় ধরা হয়েছে ১৭৪৯.১৬ কোটি টাকা |
| জুডিসিয়াল সার্ভিস কমিশন | -- | -- | -- | -- | -- | -- |
| বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট | - | -- | -- | -- | -- | - |
| জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা | -- | -- | -- | -- | -- | -- |
| আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল | মানবতাবিরোধী অপরাধ, শান্তি বিঘ্নকারী অপরাধ, গণহত্যা, যুদ্ধাপরাধ ও আন্তর্জাতিক আইনের আওতাভূক্ত অন্য কোন সকল অপরাধের বিচার নিশ্চিতকরণ | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১ ও ২ গঠন | আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল গঠনকাল হতে বর্তমান সময় পর্যন্ত সর্বমোট ৪২টি মামলা নিষ্পত্তি হয়েছে। বর্তমানে ৩৫টি মামলা বিচারাধীন রয়েছে। তদন্ত সংস্থায় এ পর্যন্ত ৬৮৫টি অভিযোগ প্রাপ্ত হয়েছেন। | -- | -- | -- |